দৈনিক সংবাদ

তারিখ ... 07 NOV 1992 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ...

29

# বিভাগ, বিশ্ববিদ্যালয় ও হাইকোর্ট চাইঃ রংপুরের জনদাবি

(উত্তরাঞ্চলীয় প্রতিনিধি)

রংপুর, ৬ই নভেম্বর। বৃহত্তর রংপুর ও দিনাজপুরের ৮টি জেলা নিয়ে রংপুরে একটি বিভাগীয় সদর দফতর চালুর দাবি উঠেছে। দাবি উঠেছে কারমাইকেল কলেজকে বিশ্ববিদ্যালয় হিসেবে চালু করার। এদিকে, রংপুরের আইনজীবিগণ রংপুরের হাইকোর্ট পুনঃপ্রতিষ্ঠার দাবিতে আন্দোলন শুরু করেছেন।

বিভাগীয় সদর দফতর প্রতিষ্ঠার দাবি জানিয়েছে রংপুর জেলা বিএনপি। সম্প্রতি অনুষ্ঠিত এক সভায় তারা তা বাস্তবায়নের জন্যে সরকারের কাছে দাবি জানিয়েছে। কারমাইকেল কলেজটিকে বিশ্ববিদ্যালয় করার জন্যে দীর্ঘদিন ধরে আন্দোলন চলে আসছে। আন্দোলন করছে ছাত্র সংগঠন ও বিভিন্ন রাজনৈতিক দল। বিশ্ববিদ্যালয় বাস্তবায়ন সংগ্রাম পরিষদ তৎপরতা চালিয়েছে। এখন ঐ দাবিটি জোরদার হয়েছে।

গত রোববার রংপুর হাইকোর্ট বাস্তবায়ন সংগ্রাম পরিষদ, হাইকোর্ট আইনজীবী সমিতি ও আইন কলেজের ছাত্রগণ মিলিতভাবে মিছিল ও সমাবেশ করেছে। তারা দাবি করেছেন রংপুরে পূর্ণাঙ্গ হাইকোর্ট পুনঃ প্রতিষ্ঠার।